ভোরের কাগজ

MAR. 07 2002

তারিখ ... পৃষ্ঠা ৪ কলাম ১

স্কুল নিয়ে রাজনীতি করবেন না

সম্প্রতি মহান সংসদে দাঁড়িয়ে কুমিল্লা-৫ (ব্রাহ্মণপাড়া-বুড়িচং) আসনের মাননীয় সাংসদ অধ্যক্ষ ইউনুছ সাহেব ৩ মিনিটের বক্তব্যের পুরোটাই সাবেক আইনমন্ত্রী আবদুল মতিন খসরুর বিরুদ্ধে বিষোদগার করেছেন, যা মোটেও শোভন নয়। জনাব ইউনুছ তার ভাষণের এক পর্যায়ে বলেছেন যে, মকিমপুর আবদুল মতিন খসরু হাই স্কুলটি নাকি অবৈধভাবে স্থাপন করা হয়েছে। মহান সংসদে দাঁড়িয়ে জনাব ইউনুছের এ রকম মিথ্যা বক্তব্যের জন্য আমরা প্রতিবাদ জানাচ্ছি।

এলাকাবাসীর দীর্ঘদিনের দাবি বাস্তবায়নের লক্ষ্যে আওয়ামী লীগ ক্ষমতায় আসার পর সাবেক আইনমন্ত্রী আবদুল মতিন খসরুর প্রচেষ্টায় ব্রাহ্মণপাড়া থানাধীন মকিমপুর গ্রামে একটি হাই স্কুল প্রতিষ্ঠা করা হয়। দীর্ঘদিনের স্বপ্ন বাস্তবায়িত হওয়ায় এলাকাবাসী স্বতঃস্ফূর্তভাবেই (তৎকালীন আইনমন্ত্রীর আপত্তি সত্ত্বেও) আবদুল মতিন খসরুর নামে উক্ত স্কুলটির নামকরণ করে, যা সম্পূর্ণ বৈধভাবেই করা হয়েছে। কিন্তু এখন একটি শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে জনাব ইউনুছের এমন বক্তব্য মোটেও কাম্য নহে। প্রায় পাঁচ শতাধিক ছাত্রছাত্রী এবং একদল অভিজ্ঞ শিক্ষক কর্তৃক পরিচালিত উক্ত স্কুলটি এ মুহূর্তে এমপিওভুক্ত হওয়ার জন্য চূড়ান্ত প্রক্রিয়াধীন, ঠিক এ মুহূর্তে মহান সংসদে দাঁড়িয়ে একটি শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে বক্তব্য রেখে জনাব ইউনুছ কাদের স্বার্থ রক্ষা করে চলেছেন? একটি শিক্ষা প্রতিষ্ঠান নিয়ে রাজনীতি থেকে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট সব মহলের কাছে আমরা অনুরোধ জানাচ্ছি।

মকিমপুর আবদুল মতিন খসরু হাই
স্কুলের ছাত্রছাত্রী, শিক্ষক ও
অভিভাবকগণ
মকিমপুর, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।